প্রথম আলো
18 AUG 2008
পৃঃ ৪ কলাম ২

# রংপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞানে দেড় হাজার শিক্ষার্থীর জন্য শিক্ষক একজন

নিজস্ব প্রতিবেদক, রংপুর

রংপুর সরকারি কলেজে পৌরনীতি ও রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে পড়ানোর জন্য মাত্র একজন শিক্ষক আছেন। এ বিষয়ে উচ্চমাধ্যমিক, স্নাতক ও স্নাতক সম্মান কোর্সে এক হাজার ৬০০ শিক্ষার্থীর বিপরীতে একজন শিক্ষক দিয়েই পাঠদান চলছে।

কলেজ সূত্রে জানা গেছে, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের স্নাতক সম্মানে শিক্ষার্থী ৪৮০ জন, স্নাতক শ্রেণীতে ৮০০ এবং উচ্চমাধ্যমিকে ৩০০ শিক্ষার্থী রয়েছেন। কলেজে মোট শিক্ষার্থীর সংখ্যা প্রায় ছয় হাজার। শিক্ষকসংকট মোকাবিলায় খণ্ডকালীন শিক্ষক নেওয়া হবে বলে কলেজের অধ্যক্ষ সঞ্জীব চৌধুরী জানিয়েছেন।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্র মনোয়ার হোসেন বলেন, 'শিক্ষকের অভাবে একদিনও ঠিকমতো ক্লাস করতে পারছি না।' স্নাতক সম্মান প্রথম বর্ষের শিক্ষার্থী ইকবাল হোসেন বলেন, 'অন্য ক্লাস হলেও রাষ্ট্রবিজ্ঞানে হয় না।'

নাম প্রকাশ না করার শর্তে একজন শিক্ষার্থী বলেন, 'ক্লাস হয় না বলেই পড়াশোনার জন্য ছুটে যাই কারমাইকেল কলেজে।'

জানা গেছে, রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক মোস্তফা মনোজের রহমান মিন্টুকে গত জুলাইয়ের শেষ সপ্তাহে পদোন্নতি দিয়ে অন্যত্র বদলি করা হয়। রাষ্ট্রবিজ্ঞানের একমাত্র সহকারী অধ্যাপক তৌহিদুন্নবী বলেন, 'প্রতিদিন এত ক্লাস কি একা আমার পক্ষে নেওয়া সম্ভব?'

কলেজ সূত্র আরও জানায়, শ্রেণীকক্ষ কম থাকায় শিক্ষকদের ক্লাস নিতে হিমশিম খেতে হয়। যেখানে ৪১টি শ্রেণীকক্ষ প্রয়োজন, সেখানে আছে মাত্র ১৯টি। বাংলা বিভাগের সহকারী অধ্যাপক এ আই এম মুসা বলেন, 'কক্ষ কম থাকার কারণে ক্লাসরুটিন করতে হিমশিম খেতে হচ্ছে।'

এদিকে কলেজে পদার্থবিজ্ঞান, অর্থনীতি, বাংলা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, রসায়ন বিভাগের একটিতেও বিভাগীয় প্রধান নেই। প্রতিটি বিভাগে সাতজন করে শিক্ষক থাকার কথা থাকলেও শিক্ষক আছেন মাত্র চারজন করে।

অধ্যক্ষ অধ্যাপক সঞ্জীব চৌধুরী রাষ্ট্রবিজ্ঞানে একজন শিক্ষক থাকার কথা নিশ্চিত করে বলেন, 'কক্ষসংকটের কারণে ল্যাবরেটরিতে ক্লাসের পাশাপাশি পরীক্ষাও নেওয়া হয়। এসব বিষয় শিক্ষা মন্ত্রণালয়ে জানানো হয়েছে।'